১০৬

দৈনিক বাংলা

তারিখ 20 JAN 1996
পৃষ্ঠা ৭ কলাম ৩

# স্কুলত্যাগী ছাত্রীদের স্বাবলম্বী করে তোলার উদ্যোগ

হেমায়েত উদ্দিন হিমু ঃ ঝালকাঠি।—স্কুলত্যাগী ছাত্রীদের কর্মক্ষম ও স্বাবলম্বী করে তোলার জন্য সরকার এক বিশেষ কর্মসূচী হাতে নিয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের 'ফিমেল সেকেন্ডারী স্কুল এ্যাসিস্ট্যান্স প্রজেক্ট' আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (আইডিএ) সহায়তায় এই কর্মসূচী বাস্তবায়ন করবে।

এই কর্মসূচীর আওতায় স্কুলত্যাগী ছাত্রীদের বিভিন্ন পেশাগত প্রশিক্ষণ দেয়া হবে। বিভিন্ন বিষয়ের মধ্যে রয়েছে ঃ গবাদিপশু ও হাঁস-মুরগী পালন, দুগ্ধ খামার স্থাপন, সবজি চাষ ও উদ্যান তৈরি, মৎস্যচাষ, ফুড প্রসেসিং, বেকারী, সেলাই ও সূচিকর্ম, রেডিমেট গার্মেন্টস্, গুটি পোকার চাষ, মৌমাছি পালন, ফুল চাষ, নার্সারী, ইলেকট্রিক যন্ত্রপাতি মেরামত, পাটজাতদ্রব্য তৈরি, মাছ ধরার জাল ও মাদুর তৈরি।

প্রাথমিক পর্যায়ে দেশের ২৪টি জেলার ২৫টি থানায় এই কর্মসূচী চালু করা হবে। প্রত্যেক থানার ড্রপ আউট ছাত্রীরা তাদের সুবিধাজনক একটি বিষয়ে প্রশিক্ষণ নিতে পারবে। প্রশিক্ষণের মেয়াদ হবে ১ থেকে ৬ মাস।

অভিজ্ঞ এনজিও এবং সরকারী ও আধাসরকারী সংস্থার মাধ্যমে শীঘ্রই এই প্রশিক্ষণ শিবির পরিচালনা করা হবে। প্রথম পর্যায়ে যে সব স্থানে এই শিবির চালু করা হবে তা হল ঃ রাজাপুর (ঝালকাঠি), বরগুনা সদর (বরগুনা), আগৈলঝাড়া (বরিশাল), চরফ্যাশন (ভোলা), গোপালপুর (টাঙ্গাইল), চৌদ্দগ্রাম (কুমিল্লা), মধুখালী (ফরিদপুর), শ্রীপুর (মাগুরা), কুলাউড়া (মৌলবীবাজার), বড়াইগ্রাম (নাটোর), পঞ্চগড় সদর (পঞ্চগড়), বাগেরহাট সদর (বাগেরহাট), সরাইল (ব্রাহ্মণবাড়িয়া), হোমনা (কুমিল্লা), মুন্সিগঞ্জ সদর (মুন্সিগঞ্জ), ফুলবাড়িয়া (ময়মনসিংহ), সোনারগাঁ (নারায়ণগঞ্জ), শার্শা (যশোর), ভেড়ামারা (কুষ্টিয়া), কলারোয়া (সাতক্ষীরা), সাঘাটা (গাইবান্ধা), উলিপুর (কুড়িগ্রাম), শিবগঞ্জ (নবাবগঞ্জ), পীরগাছা (রংপুর) ও সাভার (ঢাকা)।